

চট্টগ্রাম শিক্ষা বোর্ড ॥ পরীক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগ

(নিজস্ব বাতী পরিবেশক।
চট্টগ্রাম, ২৪শে আগস্ট।- চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড পরীক্ষা গ্রহণের কার্যক্রম শুরু করতে না করতেই পরীক্ষক নিয়োগের ক্ষেত্রে শুরুতর অনিয়মের অভিযোগ পাওয়া গেছে।
চট্টগ্রাম কলেজের ১৮ জন শিক্ষক যৌতুক স্বাক্ষরে এক লিখিত অভিযোগে জানান যে, চট্টগ্রাম বোর্ড কর্তৃপক্ষ অনিয়মের আশ্রয় নিয়ে দীর্ঘদিনের অভিজ্ঞ শিক্ষকদের পরীক্ষক হিসেবে নিয়োগ না দিয়ে এমন ব্যক্তিকে পরীক্ষক নিয়োগ করেছেন যাদের শিক্ষকতা পেশায় অভিজ্ঞতা মাত্র এক থেকে তিন বছরের। অর্থনীতি বিষয়ে প্রধান পরীক্ষক নিয়োগ করা হয়েছে নগরীর একটি বেসরকারি কলেজের এমন একজন প্রত্যাধিকাকে যার পেশাগত অভিজ্ঞতা মাত্র চার বছরের, অথচ তাকে কলেজের ভাইস প্রিন্সিপাল হিসেবে দেখিয়ে এই গুরুত্বপূর্ণ পদে নিয়োগ দেয়া হয়। এমনকি নব প্রতিষ্ঠিত বহু কলেজের সদাযোগদানকারী শিক্ষককেও আস্তঃ ও বহিঃ পরীক্ষক হিসেবে নিয়োগ দেয়া হয়। অথচ চট্টগ্রাম কলেজের উদ্ভিদ-বিদ্যা বিভাগের বিভাগীয় প্রধান ডঃ অজিত কুমার বণিক, রত্নবিজ্ঞানের সহকারী অধ্যাপক এনামুর রশীদ চৌধুরী গণিতের সহযোগী অধ্যাপক এম. এ. সালামসহ আরো অনেক সিনিয়র শিক্ষক যাদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে পরীক্ষক হিসেবে অভিজ্ঞতা রয়েছে তাদেরকে চট্টগ্রাম বোর্ডে পরীক্ষক করা হয়নি।
এইচ,এস,সি পরীক্ষার উত্তরপত্র বিতরণের ক্ষেত্রেও বোর্ড কর্তৃপক্ষ দায়িত্ব-জ্ঞানহীনতা ও উদাসীনতার পরিচয় দিয়েছে বলে অভিযোগ করা হয়। যেমন পদার্থবিদ্যার প্রদর্শক শিক্ষক করিম দাদের কাছে পাঠানো হয়েছে অর্থনীতির উত্তরপত্র,

অর্থনীতির প্রভাষক আবুল হাসানের কাছে পাঠানো হয়েছে তিন্ন বিষয়ের উত্তরপত্র। একইভাবে অবশিষ্ট উত্তরপত্র বিতরণও অনেক আনকোরা শিক্ষকের কাছে পাঠানো হয়েছে, পরীক্ষক হিসেবে যাদের কোন নিয়োগপত্রই দেয়া হয়নি। অভিযোগ-কারীগণ চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এসব অনিয়মের উচ্চ পর্যায়ের তদন্ত দাবি করে নবপঠিত এই বোর্ডটিকে দুর্নীতিমুক্ত করার জন্য শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন।